

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৭শে জ্যৈষ্ঠ, ১৪০৬ বাং / ১০ই জুন, ১৯৯৯ইং

SRO নং ১৩৯-আইন/৯৯/২১৯-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৩২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড তিতাস গ্যাস এন্ড ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড, ইস্টার্ন রিফাইনারী লিমিটেড, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ডেসা ও আরইবি সহ অন্যান্য বিদ্যুৎ বিতরণকারী কর্তৃক আমদানিকৃত পণ্য বিক্রয় বা করযোগ্য পণ্য সরবরাহ বা করযোগ্য সেবা প্রদানের ক্ষেত্রে উক্ত পণ্য সরবরাহকারী বিক্রেতা বা সেবা প্রদানকারীর ব্যবহৃত নিজস্ব রশিদ বা চালানকে উক্ত ধারার উদ্দেশ্য পূরণকল্পে নিম্নবর্ণিত শর্তে চালানপত্র হিসাবে অনুমোদন করিলঃ-

- (ক) উক্ত পণ্য সরবরাহকারী বা বিক্রেতা বা সেবা প্রদানকারী সংখ্যানুক্রমিক চালানপত্র সংরক্ষণ করিবেন;
- (খ) উক্ত পণ্য সরবরাহ বা সেবা প্রদানের ক্ষেত্রে সরকার কর্তৃক নির্ধারিত মূল্য এবং মূল্য সংযোজন করের পরিমাণ চালানপত্রে উল্লেখ করিতে হইবে;
- (গ) প্রতিটি চালানপত্রে মুসক নিবন্ধন সংখ্যা উল্লেখ থাকিবে;

০২। এই প্রজ্ঞাপন ১লা জুলাই, ১৯৯৯ইং তারিখ হইতে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(ডঃ মোঃ রফিকুল ইসলাম)
প্রথম সচিব
মুসক (নীতি নির্ধারণ ও বাজেট)